নথি নং-৪৬২/এআইআর/২০১৭-১৮

০১। আমদানিকৃত পণ্য চালানের মৌলিক তথ্য নিম্নরূপ ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | বি/ই নং ও তারিখ | ঃ | 1292744 Dt: 15.10.2017 |
| (খ) | জাহাজ | ঃ | MV LEOPARD |
| (গ) | রোটেশন নম্বর ও বি/এল নম্বর | ঃ | Rot. No. 2017/2876, B/L. No. AOL1709024 |
| (ঘ) | আমদানিকারকের নাম ও ঠিকানা | ঃ | RAINBOW ENTERPRISE<br>KATABON MOSJID COMPLEX<br>(3RD FLOOR), ROOM-6, DHAKA-1205.<br>TIN:, BIN- ১৯১৬১০৯৫৪৪৪ |
| (ঙ) | সিএন্ডএফ এজেন্টের নাম ও ঠিকানা | ঃ | COMA CREATION.<br>CHOITEE PLAZA(1ST FLOOR)11 SK MUJIB ROAD,BARIK BUILDING,CHITTAGONG., AIN-301952401 |
| (চ) | এল/সি নম্বর/সেলস কন্ট্রাক্ট নং ও তারিখ | ঃ | 0000108117010705, Al-Arafa Islami Bank Ltd.. |
| (ছ) | ইনভয়েস নম্বর ও তারিখ | ঃ | MBPI17050-1, DT: 06.09.2017 |
| (জ) | পণ্যের ঘোষিত বিবরণ | ঃ | PARTS OF CHAIR SEAT COVER, BACK COVER. ETC |
| (ঝ) | পণ্যের ঘোষিত পরিমাণ | ঃ | 10643.50 KGS (NET) |
| (ঞ) | পণ্যের ঘোষিত মূল্য | ঃ | USD 14884.00 |
| (ট) | কান্ট্রি অব অরিজিন | ঃ | China |
| (ঠ) | কায়িক পরীক্ষার তারিখ | ঃ | 23.10.2017 |

০২। চালান সংশ্লিষ্ট আমদানি দলিলদিসহ উপরোল্লিখিত তথ্যাদি পরবর্তী কার্যক্রমের জন্য উপস্থাপিত।

আব্দুল্লাহ আল মাসুম
উচ্চমান সহকারী
এআইআর
কাস্টম হাউস, চট্টগ্রাম।

০৩। আমদানিকারক RAINBOW ENTERPRISE, KATABON MOSJID COMPLEX (3RD FLOOR), ROOM-6, DHAKA-1205. TIN:, BIN- ১৯১৬১০৯৫৪৪৪, এল/সি নং-0000108117010705, ইনভয়েস নং- MBPI17050-1, DT: 06.09.2017 এর মাধ্যমে China আমদানিকৃত পণ্য শুল্কায়নের উদ্দেশ্যে সেকশন-৬ তে বি/ই নং C-1292744 Dt: 15.10.2017 দাখিল করেন।

৪। আলোচ্য পণ্য চালানটিতে এআইআর কর্তৃক গোপন সংবাদ থাকায় Asycuda World System -এ বি/ই Block করা হয়। পরবর্তীতে নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট সিএন্ডএফ প্রতিনিধির সহযোগীতায় LMD- এর মাধ্যমে ওজন নিশ্চিত পূর্বক কায়িক পরীক্ষা করা হয়। ঘোষিত পণ্য এবং LMD তে প্রাপ্ত পণ্যের বিবরণ ও পরিমাণ নিম্নের ছকে উপস্থাপন করা হলো ঃ

| ক্রঃ নং | ঘোষনা মোতাবেক পণ্য | | এআইআর কর্তৃক LMD তে প্রাপ্ত পণ্য | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | Description | QTY | Description | QTY | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| 1 | PARTS OF CHAIR SEAT COVER, BACK COVER. ETC. | 10643.50 KGS | SEAT COVER, BACK COVER (PARTS OF CHAIR) | 7165.50 KGS | -- |
| | | | CHAIR (ESSENTIAL CHARACTER)<br>H.S CODE 94017900 | 166 PCS = 3148 KGS | ঘোষণা বহির্ভূত |

৫। উপর্যুক্ত ছক পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য পণ্য চালানটিতে PARTS OF CHAIR SEAT COVER, BACK COVER. ETC. ঘোষণা থাকলেও LMD তে CHAIR (ESSENTIAL CHARACTER) 3148 KGS = 166 PCS ঘোষণা বহির্ভূত পাওয়া যায়, যা **H.S CODE 94017900** তে শুল্কায়নযোগ্য। আমদানিকারক ঘোষণা বহির্ভূত পণ্য খালাসের অপচেষ্টা করেছেন বিধায় The Customs Act. 1969 এর Section-32 এর আওতায় অপরাধ সংঘটিত হয়েছে, যা একই আইনের Section-156(1) এর Table এর Clause-14 অনুযায়ী শাস্তিযোগ্য।

৬। এমতাবস্থায়, নোটানুচ্ছেদ-৪ ও ৫ এর আলোকে পরবর্তি কার্যক্রম গ্রহণার্থে নথিটি সংশ্লিষ্ট শুল্কায়ন-৬ তে প্রেরণ করা যায় এবং কার্যক্রম শেষে নথিটি পুনরায় এআইআর শাখায় প্রেরণের জন্য বলা যায়।

সদয় আদেশার্থে উপস্থাপিত।

মোঃ সুমন আলি মাসউদ
সহকারী রাজস্ব কর্মকর্তা
এ. আই. আর
কাস্টম হাউস, চট্টগ্রাম।

R/O(AIR)

A.C(AIR)

মাধব বিকাশ দেব রায়
সহকারী কমিশনার
এআইআর
কাস্টম হাউস, চট্টগ্রাম।

JC(AIR)

মুঃ রইচউদ্দিন খান
জয়েন্ট কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস চট্টগ্রাম

Group-6

নথি নং- ৪৬২/এ [illegible]/২০১৭-২০১৮

৭. আলোচ্য পণ্য চালানটি AIR কর্তৃক কায়িক পরীক্ষা করা হয়। কায়িক পরীক্ষায় প্রাপ্ত তথ্য chair parts এর সাথে ঘোষণা বহির্ভূত ১১১ pcs (৬১৪৮ কেজি) chair (Essential character) পাওয়া যায় মর্মে AIR প্রতিবেদন দাখিল করে। কিন্তু আমদানী কারক উক্ত প্রতিবেদনের সাথে একমত না হয়ে Assessment committee এর মাধ্যমে নিষ্পত্তি চেয়েছেন। আবেদন করেছেন উল্লেখ্য complete chair এ 45% SD আছে যা chair এর parts এ নেই। এমতাবস্থায় আমদানিকারক এরূপ সরকার উদ্দেশ্যেই স্বার্থ রক্ষার্থে Assessment committee এর অনুমোদন জরুরী।

সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে উপস্থাপিত।

4.11.17

ADC-1 মহোদয়

চলমান পাতা-৩ =

নথি নং-৩১২/এপি/সেকশন-৬/২০১৭-২০১৮
৪৬২/এআইআর/২০১৭-২০১৮

০৭। নোট অনুচ্ছেদ-০৪ ও ০৫ এর আলোকে বি/ই নং- সি-১২৯২৭৪৪, তারিখ-১৫/১০/২০১৭ইং নথিভুক্ত করে পরবর্তী কার্যক্রমের জন্য উপস্থাপন করা হলো।

সহকারী

০৮। আমদানিকৃত পণ্য চালানের মৌলিক তথ্যঃ

| | | |
|---|---|---|
| (ক) বিল অব এন্ট্রি রেজিঃ নং- ও তারিখ | ঃ | সি-১২৯২৭৪৪, তারিখ-১৫/১০/২০১৭ইং। |
| (খ) আমদারিকারকের নাম ও ঠিকানা | ঃ | RAINBOW ENTERPRISE<br>KATABON MOSJID COMPLEX 3RD F/L ROOM-6<br>DHAKA. BIN-19161095444 |
| (গ) সিএন্ডএফ এজেন্টের নাম ও ঠিকানা | ঃ | COMA CREATION<br>CHOITEE PLAZA (1ST FLOOR) 11 SK MUJIB ROAD,<br>BARIK BUILDING, CTG. AIN-301952401 |
| (ঘ) এলসি নং ও তারিখ | ঃ | 0108117010705 DT. 16/08/2017 |
| (ঙ) এলসিএ নং ও তারিখ | ঃ | 71421 DT. 16/08/2017 |
| (চ) বি/এল নং ও তারিখ | ঃ | AOL1709024 DT.14/09/2017 |
| (ছ) ইনভয়েস নং ও তারিখ | ঃ | MBPI17050-1 DT. 06/09/2017 |
| (জ) সিআরএফ নং ও তারিখ | ঃ | NON CRF |
| (ঝ) পণ্যের নাম (ইনভয়েস মতে) | ঃ | Parts of Chair |
| (ঞ) পণ্যের পরিমান (কেজি/টন/সংখ্যা) | ঃ | 579 CTNS=10,643.50 KGS |
| (ট) পণ্যের এইচএসকোড (ইনভয়েস মতে) | ঃ | 9401.90.00 |
| (ঠ) পণ্যের মূল্য (ইনভয়েস মতে) | ঃ | INV-14,884.00 ( USD). |
| (দ) কান্ট্রি অব অরিজিন | ঃ | CHINA |
| (ধ) কান্ট্রি অব শিপমেন্ট | ঃ | CHINA |
| (ন) জাহাজের নাম | ঃ | MV LEOPARD |
| (ত) রোটেশন নং ও লাইন নং | ঃ | 2017/2876 |

০৯। কমিশনার মহোদয় বরাবরে আমদানিকারক মেসার্স-রেইনবো এন্টারপ্রাইজ কর্তৃক একখানা আবেদন পত্র দাখিল করেন। আবেদন পত্র নং-নাই, তারিখ-০২/১১/১৭ খ্রি। আমদানিকারক আবেদনে উল্লেখ করেন যে, তারা চায়না হতে ৫৭৯ কার্টুন Parts of Chair পণ্য আমদানি করেন যার এইচ.এস.কোড-৯৪০১.৯০.০০ (সিডি-২৫%+আরডি-৩%+ ভ্যাট-১৫%+ অন্যান্য)। চালানটির বিদ্যমান Parts সমূহ একটি পূর্ণাঙ্গ Chair এর Essential Character বহন করে মর্মে এআইআর এর সিদ্ধান্তের প্রেক্ষিতে এইচ.এস.কোড-৯৪০১.৭৯.০০ (সিডি-২৫%+আরডি-৩%+এসডি-৪৫%+ ভ্যাট-১৫%+ অন্যান্য) শ্রেণীবিন্যাস পূর্বক শুল্কায়নের সিদ্ধান্ত গৃহীত হয় যা যুক্তিযুক্ত নয় বলে তারা মনে করেন। একটি পূর্ণাঙ্গ Chair তৈরি করতে 1) Base, 2) Gas Lift, 3) Mechanism, 4) Arm, 5) Seat Attach back Cover, 6) Fitting Accessories, 7) Dust Cover, 8) Small Cap, 9) Back Support, 10) Back Meatal, 11) Castor সহ বিভিন্ন Parts এর প্রয়োজন হয়। যার মধ্যে এই চালানে শুধুমাত্র 1) Mechanism, 2) Arm, 3) Seat Attach back Cover আমদানি করা হয়েছে। একটি পূর্ণাঙ্গ Chair তৈরি করতে গেলে আমদানিকৃত পণ্য সহ 1) Base, 2) Gas Lift, 3) Castor, 4) Small Cap,5) Fitting Accessories সহ বিভিন্ন Parts এর প্রয়োজন হয়। সেই দিকগুলো বিবেচনা করলে আলোচ্য পণ্যগুলোকে একটি পূর্ণাঙ্গ Chair এর Essential Character হিসাবে গণ্য না করে Chair Parts হিসাবে শুল্কায়ন করে পণ্য খালাস নেয়ার জন্য এবং পণ্যগুলো Chair Parts হিসাবে এইচ.এস.কোড-৯৪০১.৯০.০০ তে শুল্কায়ন করার জন্য অনুরোধ জানিয়েছেন। পাশাপাশি পণ্যের নমুনা বিশ্লেষণ করে এ্যাসেসমেন্ট কমিটির মাধ্যমে সঠিক এইচ.এস.কোড নির্ধারণ পূর্বক পুনরায় শুল্কায়নের আবেদন করেন।

এমতাবস্থায়, আমদানিকারকের আবেদন ~~বিবেচনায় নিয়ে~~ বিবেচিত হলে পণ্য চালানটি সঠিক এইচ.এস.কোড নির্ধারনের জন্য নথিটি এ্যাসেসমেন্ট কমিটিতে উপস্থাপন করা যেতে পারে।

সদয় নির্দেশনার জন্য নথি অগ্রায়ন করা হলো।

৫/১১/১৭
মোঃ মিজানুর রহমান
সহকারী রাজস্ব কর্মকর্তা
সেকশন-৬,
কাস্টম হাউস, চট্টগ্রাম।

RO-6
০৮/১১/১৭
মোঃ রফিকুল ইসলাম
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
শুল্কায়ন সেকশন-৬
কাস্টম হাউস, চট্টগ্রাম।

AC-6
7.11.2017

১০. আলোচ্য নথি পর্যালোচনায় AIR কর্তৃক
কায়িক পরীক্ষা করা হয়। কায়িক পরীক্ষায়
ঘোষণা মতে শুধু Chair parts এর সাথে
ঘোষণা বহির্ভূত 166 pcs (3148 kg)
Chair (Essential Character) পাওয়া যায়
মর্মে AIR কর্তৃক প্রতিবেদন দাখিল করা
হয় কিন্তু আমদানিকারক এ প্রতিবেদনের
বিরুদ্ধে ভিন্নমত পোষণ করে Assessment
Committee কর্তৃক সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে
আবেদন দাখিল করেছেন। উল্লেখ্য complete
Chair এ 45% SD রয়েছে যা
Chair parts এ নেই। এমতাবস্থায়
আমদানিকারক এর আবেদনের প্রেক্ষিতে
আমদানিকারকের satisfaction এবং সরকারী
রাজস্ব সুরক্ষার স্বার্থে উক্ত পণ্যের চালানটি
Assessment Committee এর অনু-
মোদন নেয়া যেতে পারে।
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে উপস্থাপিত।

[signature] 5.11.17
ADC-এ
মহোদয়

Md. Baizid Hossain
Assistant Commissioner of Customs
Custom House, Chittagong

[signature] 5.11.2017
ড. নাহিদা ফরিদী
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

[signature]

১১. অনুমোদিত।

[signature]
ড. এ কে এম নুরুজ্জামান
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং- ৬১২/এসএ/সেক-৬/২০১৭-১৮
৪৬২/এআইআর/২০১৭-১৮

১২. আলোচ্য পণ্য চালানটির শুল্কায়নে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে Assessment Committee এর সভার তারিখ ও সময় নির্ধারণ করা প্রয়োজন। সদয় অবগতি ও কার্যার্থে উপস্থাপিত।

7.11.17

Md. Baizid Hossain
Assistant Commissioner of Customs
Custom House Chittagong.

ADC-1
বাহাদুর

7.11.2017

AC

9.11.2017 ইং
তারিখ সকাল ১১ টা-
সভা হবে।

7.11.17

RO(6)

উক্ত অ্যাসেসমেন্ট এর মেম্বারদের অবহিত করা হলো।

০৭.১১.১৭

মোঃ রফিকুল ইসলাম
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
গ্রুপ/শুল্কায়ন সেকশন-৬
কাস্টম হাউস, চট্টগ্রাম।

= ৬ =

নথি নং- ৮১২/এ পিজ/ মেহ-৬/১৭-১৮
নথি নং- ৪৬২/এ আইআর/১৭-১৮

চলমান পাতা-৭ =

নথি নং-৩১২/এপি/সেকশন-৬/২০১৭-২০১৮
৪৬২/এআ্ইআর/২০১৭-১৮

১৩। কাস্টম হাউস, চট্টগ্রামের Assessment কমিটির সভা অনুষ্ঠানের নিমিত্তে আগামী ০৯/১১/২০১৭ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের অফিস কক্ষে আহব্বান করা হয়েছে। তাই কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করেন।

সম্মানিত সদস্যবৃন্দঃ

| | | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | এডিশনাল কমিশনার-১ | - আহবায়ক | - |
| ০২। | এডিশনাল কমিশনার-২ | - সদস্য | - |
| ০৩। | জয়েন্ট কমিশনার-১ | - সদস্য | - |
| ০৪। | জয়েন্ট কমিশনার-২ | - সদস্য | - |
| ০৫। | জয়েন্ট কমিশনার-৩ | - সদস্য | - |
| ০৬। | সংশ্লিষ্ট সহকারী কমিশনার | - সদস্য সচিব | - |
| ০৭। | সহকারী কমিশনার-এআইআর | - সদস্য সচিব | - 7.11.17 |
| ০৮। | সংশ্লিষ্ট রেভেনিউ অফিসার- -সেকশন-৬ | - সদস্য | - 07.11.17 |
| ০৯। | সংশ্লিষ্ট এ্যাসিসট্যান্ট রেভেনিউ অফিসার- -সেকশন-৬ | - সদস্য | - |
| ১০। | চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজের প্রতিনিধি | - সদস্য | - 7/11/17 |
| ১১। | সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের প্রতিনিধি | - সদস্য | - |
| ১২। | আমদানিকারক/সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট | - সদস্য | - |

ঃ৮ঃ

নথি নং- ৩১২/১৭৩/ সেশন - ৬/১৭-১৮
৪৬২/১ আর্থ অধ্যয়/১৭-১৮

[illegible]

নথি নং- ৩১২ /এপি/সেকশন-৬/২০১৭-২০১৮
৪৬২/এআইআর/২০১৭-২০১৮

## পরিস্থিতি পত্র

১৪। আমদানিকারক মেসার্স- Rainbow Enterprise, Katabon Mosjid Complex 3rd F/L Room-6 Dhaka যার বিন নং-১৯১৬১০৯৫৪৪৪, এলসি নং-0108117010705, ইনভয়েস নং- MBPI17050-1, DT-06/09/2017 এর মাধ্যমে চীন থেকে Parts of Chair ঘোষনায় পণ্য আমদানি করেন। আমদানিকৃত পণ্য চালান খালাসের নিমিত্তে বি/ই নং সি-১২৯২৭৪৪, তারিখ-১৫/১০/২০১৭ইং দাখিল করেন। আলোচ্য পণ্য চালানটির বিপরীতে এ.আইআর শাখার নিকট গোপন সংবাদ থাকায় Asycuda World System এ ব্লক করা হয়।

১৫। পরবর্তীতে সিএন্ডএফ এজেন্ট প্রতিনিধির সহযোগীতায় পণ্য চালানটি এলএমডির মাধ্যমে ওজন নিশ্চিত পূর্বক কায়িক পরীক্ষা করা হয়। কায়িক পরীক্ষায় Parts of Chair এলএমডিতে (Essential Character) এ ৩১৪৮.০০ কেজি = ১৬৬ পিস ঘোষনা বর্হিভুত পাওয়া যায় মর্মে এআইআর শাখা কর্তৃক নোটে উল্লেখ পূর্বক কায়িক পরীক্ষার প্রতিবেদন দাখিল করেন। সে মোতাবেক আমদানিকারক ঘোষণা বর্হিভুত পণ্য খালাসের অপচেষ্টা করেছেন বিধায় The Customs Act, 1969 এর ধারা ৩২ লংঘন হয়েছে যা অসত্য ঘোষনার সামিল এবং একই আইনের ১৫৬(১) টেবিল ভূক্ত ক্লজ .১৪ মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ বলে মতামত দিয়ে অতিরিক্ত কমিশনার -১ মহোদয় কর্তৃক অনুমোদন নিয়ে পরবর্তী কার্যক্রমের জন্য নথিটি শুল্কায়ন সেকশন-৬ এ প্রেরণ করেন।

১৬। আমদানিকারক পরবর্তীতে কমিশনার মহোদয় বরাবর একখানা আবেদন করেন। আবেদনে উল্লেখ করেন যে, পণ্য চালানটি এ্যাসেসমেন্ট কমিটির মাধ্যমে নিস্পত্তির নিমিত্তে আবেদন করেন। সে মোতাবেক অতিরিক্ত কমিশনার-১ মহোদয় আগামী ০৯/১১/২০১৭ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হবে মর্মে নোটে উল্লেখ করেন।

স্মারক নং- ৩১২/এ বিঃ/ সেক- ৬/১৭-১৮
স্মারক নং- ৪৬২/ এ আর্ড অফ/১৭-১৮

চলমান পাতা= ১১ =

নথি নং- ৩১২/এপি/সেকশন-৬/২০১৭-২০১৮
৪৬২/এআইআর/২০১৭-২০১৮

১৭। গত ০৯/১১/২০১৭ তারিখে বেলা ১১:০০ ঘটিকায় অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে Assessment কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বি/ই নং সি-১২৯২৭৪৪ তারিখ-১৫/১০/২০১৭ইং এর মাধ্যমে আমদানিকৃত পণ্য Parts Of Chair (Seat Attached Back Cover Of Chair) এর সঠিক এইচ এস কোড-এ শুল্কায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

১৮। আমদানিকারকের বক্তব্যঃ

আমদানিকৃত পণ্য Parts Of Chair (Seat Attached Back Cover Of Chair) এর বিপরীতে এ.আই.আর শাখার নিকট গোপন সংবাদ থাকায় চালানটি ১০০% কায়িক পরীক্ষা করা হয়। কায়িক পরীক্ষার প্রতিবেদন ও পণ্যের নমুনা পর্যালোচনা করত: আমদানিকৃত পণ্যের প্রকৃত এইচ এস কোড নির্ধারনের নিমিত্তে এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্তের জন্য আমদানিকারকের মনোনীত প্রতিনিধি সিএন্ডএফ এজেন্ট কমিশনার মহোদয় বরাবরে একটি আবেদন পত্র দাখিল করেছেন। উক্ত আবেদন পত্রে উল্লেখ করেছেন যে, আমদানি চালানের বি/ই নং সি-১২৯২৭৪৪ তারিখ-১৫/১০/২০১৭ইং ভুক্ত Parts Of Chair (Seat Attached Back Cover Of Chair) এর ঘোষিত এইচ এস কোড-৯৪০১.৯০.০০-তে শুল্কায়নের নিমিত্তে বি/ই দাখিল করা হয়। কিন্তু আলোচ্য পণ্যটির বিপরীতে এ.আই.আর শাখা হতে কায়িক পরীক্ষার প্রতিবেদন অনুযায়ী উক্ত পণ্যটির এইচ এস কোড ৯৪০১.৭৯.০০-তে শ্রেনীবিন্যাস পূর্বক শুল্কায়নের নির্দেশনা প্রদান করেন। আলোচ্য ক্ষেত্রে প্রস্তাবিত এইচ এস কোড অনুযায়ী উক্ত পণ্য শুল্কায়ন করা হলে আমাদের আমদানিকারক প্রতিষ্ঠানটি প্রচুর আর্থিক ক্ষতির সম্মূখীন হবে মর্মে পত্রে উল্লেখ করেছেন।

১৯। পর্যালোচনাঃ

আলোচ্য পণ্য চালানের এইচ এস কোড বিষয়ে আমদানিকারক কর্তৃক দাখিলকৃত দলিলাদি এ্যাসেসমেন্ট কমিটি কর্তৃক বিস্তারিতভাবে পর্যালোচনা করেন। পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য চালানের পণ্য Parts Of Chair (Seat Attached Back Cover Of Chair) হিসাবে দাবী করে আমদানিকারক এইচ এস কোড ৯৪০১.৯০.০০-তে শ্রেনীবিন্যাস করে শুল্কায়ন পূর্বক ছাড় প্রদানের জন্য আবেদন করেছেন। অপরদিকে BCT ও Explanatory Notes এর আলোকে এআইআর কর্তৃক দাখিলকৃত কায়িক পরীক্ষার প্রতিবেদনে পণ্য চালানটিকে Parts Of Chair (Seat Attached Back Cover Of Chair) এর পরিবর্তে Chair এর Essential Character হিসাবে এইচ এস কোড ৯৪০১.৭৯.০০-তে শুল্কায়ন করার প্রস্তাব করা হয়েছে।

২০। সিদ্ধান্ত ঃ

Assessment Committee -র সকল সদস্যগণ কর্তৃক কায়িক পরীক্ষার প্রতিবেদন, পণ্যের নমুনা অনুযায়ী Parts Of Chair (Seat Attached Back Cover Of Chair) এর বিভিন্ন দিক এবং WCO Explanatory Notes পর্যালোচনা করা হয়। উপস্থাপিত নমুনা Chair এর Essential Character বিধায় H.S Code 9401.79.00 -তে শুল্কায়নের পক্ষে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন।

| | | | |
|---|---|---|---|
| আমদানিকারক/সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট | সিএন্ডএফ এজেন্ট এসাসিয়েশনের প্রতিনিধি | চেম্বার প্রতিনিধি | সহকারী রাজস্ব কর্মকর্তা শুল্কায়ন সেকশন-৬ |
| রাজস্ব কর্মকর্তা শুল্কায়ন সেকশন-৬ | সহকারী কমিশনার-৬ | জয়েন্ট কমিশনার-২ | |
| জয়েন্ট কমিশনার-১ | অতিরিক্ত কমিশনার-২ | অতিরিক্ত কমিশনার-১ | |

ড. নাহিদা ফরিদী
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

ড. এ কে এম নুরুজ্জামান
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

Assess Comm. 01

নালিশ নং- ৩৭২/ এপি/ সেক-৬/১৭-১৮
নালিশ নং- ৪৬২/ এ আই আর/১৭-১৮

[illegible] - ২৬ =

২২। আলোচ্য পণ্য চালানটির বিষয়ে গত ০৯/১১/২০১৭ তারিখে Assessment কমিটির সভা অনুষ্ঠিত হয়। Assessment Committee -র সকল সদস্যগণ কর্তৃক কায়িক পরীক্ষার প্রতিবেদন, পণ্যের নমুনা অনুযায়ী Parts Of Chair (Seat Attached Back, ARM and Mechanisum) এর বিভিন্ন দিক এবং WCO Explanatory Notes পর্যালোচনা করা হয়। উপস্থাপিত নমুনা Chair এর Essential Character বিধায় H.S Code 9401.79.00 -তে শুল্কায়নের পক্ষে কমিটির সকল সদস্য একমত পোষণ করায় নিম্নে ছকে প্রকৃত এইচ এস কোড ও মূল্য প্রস্তাব উপস্থাপন করা হলো ঃ

| Sl No | Description Of Goods | Invoice Decl. Qty | Decl. H.S. Code & Rate of Duty | Proposed H.S. Code & Rate of Duty | Invoice Value (USD) | Data Base/Tariff/ Minimum Value (USD) | Proposed Value (USD) |
|---|---|---|---|---|---|---|---|
| 01 | 02 | 03 | 04 | 05 | 06 | 07 | 08 |
| 1 | Parts Of Chair Seat Cover, Back Cover, Etc C/O-Chian | 7165.50 KGS | 9401.90.00 CD-25%+ RD-3%+ VAT-15%+ & Others | 9401.90.00 CD-25%+ RD-3%+ VAT-15%+ & Others | 1.44/KG | 2.20/KG Minimum Value | 2.20/KG |
| 2 | Parts Of Chair (Seat Attached Back, ARM and Mechanisum) C/O-Chian | 3148.00 KGS | 9401.90.00 CD-25%+ RD-3%+ VAT-15%+ & Others | 9401.79.00 CD-25%+ RD-3%+ SD-45%+ VAT-15%+ & Others | 1.44/KG | 2.50/KG Minimum Value | 2.50/KG |

২৩। প্রস্তাব ঃ

(ক) মূল্য তথ্য পর্যালোচনা করে মিনিমাম মূল্য/ডাটা বেইজ-এ প্রাপ্ত মূল্যের আলোকে নোট অনুচ্ছেদ-২৩ এর কলাম ০৮-এ মূল্য প্রস্তাব করা হলো। উক্ত প্রস্তাবিত মূল্য ও এইচ এস কোড এ পণ্য চালানটি শুল্কায়ন করা যেতে পারে।

(খ) আলোচ্য চালানের বি/ই নং- সি-১২৯২৭৪৪ তারিখ-১৫/১০/২০১৭ইং ভুক্ত পণ্যের ক্রমিক নং-২ এর ঘোষিত এইচ এস কোড ৯৪০১.৯০.০০ এর বিষয়ে গত ০৯/১১/২০১৭ইং তারিখে অনুষ্ঠিত এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিবেচ্য পণ্যের নমুনা পর্যবেক্ষন এবং Explanatory Notes এর বর্ণনায় আমদানিকারক কর্তৃক পণ্যটিকে ভুল ব্যাখ্যায় Chair (Essential Character) এর Parts Of Chair (Seat Attached Back, ARM and Mechanisum) হিসাবে দাবী যুক্তি সংগত নয়। কেননা উল্লেখিত পণ্যে Chair এর Essential Character এর সকল বৈশিষ্ট্যই বিদ্যমান রয়েছে মর্মে এ্যাসেসমেন্ট কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। সার্বিক বিবেচনায় পণ্যের ক্ষেত্রে ইনভয়েসে উল্লেখিত এইচ.এস.কোড-৯৪০১.৯০.০০ এর পরিবর্তে Chair (Essential Character) হিসাবে এইচ.এস.কোড- ৯৪০১.৭৯.০০ এ শ্রেনীবিন্যাসযোগ্য বলে এ্যাসেসমেন্ট কমিটি সকল সদস্য একমত পোষন করেন। এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বি/ই নং- সি-১২৯২৭৪৪ তারিখ-১৫/১০/২০১৭ইং এর ক্রমিক নং-২ ভুক্ত পণ্যের বিপরীতে অসত্য এইচ এস কোড ঘোষণা প্রদান করে পণ্য আমদানি করায় The Customs Act, 1969 এর ধারা ৩২ লংঘন হয়েছে যা অসত্য ঘোষনার সামিল এবং একই আইনের ১৫৬(১) টেবিল ভূক্ত ক্লজ ১৪ মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ। উক্ত অনিয়মের কারণে আমদানিকারক বরাবরে কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ১৮০ ধারা বলে কারণ দর্শানো নোটিশ জারী করা যেতে পারে। তবে আমদানিকারকের পক্ষে মনোনীত সিএন্ডএফ এজেন্ট অপরাধ স্বীকার করে ন্যায়-নির্ণয়নের মাধ্যমে পণ্য খালাসের আবেদন করেছেন। আবেদনটি সদয় দেখা যেতে পারে। উক্ত আবেদনটি গ্রহণ করে ১৮১ ধারা বলে সংক্ষিপ্ত ন্যায়-নির্ণয় এর মাধ্যমে পণ্য চালানটি খালাস দেয়া যেতে পারে।

(গ) প্রস্তাবিত মূল্য অনুযায়ী সমগ্র চালানের শুল্কায়নযোগ্য মূল্য ১৯,৭০,৫৯৩.১০ (উনিশ লক্ষ সত্তর হাজার পাঁচশত তিরানব্বই টাকা দশ পয়সা মাত্র) টাকা যার বিচারিক ক্ষমতা অতিরিক্ত কমিশনার মহোদয়ের এখতিয়ারাধীন। আলোচ্য ক্ষেত্রে আইটেম নং-২ ভুক্ত পণ্যের বিপরীতে অসত্য এইচ এস কোড ঘোষণা প্রদান করায় রাজস্ব হানির সম্ভবনা ছিল ৪,৬৪,৫৩০.৪৬ (চার লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত ত্রিশ টাকা ছেচল্লিশ পয়সা মাত্র) টাকা।

সদয় অবগতি ও পরবর্তী আদেশের জন্য পেশ করা হলো।

মোঃ মিজানুর রহমান
সহকারী রাজস্ব কর্মকর্তা
সেকশন-৬,
কাস্টম হাউস, চট্টগ্রাম।

মোঃ শফিকুল ইসলাম
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
শুল্কায়ন সেকশন-৬
কাস্টম হাউস, চট্টগ্রাম

Md. Baizid Hossain
Assistant Commissioner of Customs
Custom House Chittagong.

স্মানং- ৩১২/ সেক-৬/১৭-১৮
স্মানং- ৪৬২/ এ আই আর/১৭-১৮

চলমান পাতা = ১৫ =

পূর্ব পাতার পর ঃ

নথি নং-৩১২/এপি/সেকশন-৬/১৭-১৮

নথি নং-৪৬২/এআইআর/২০১৭-১৮

২৪। ন্যায় নির্ণয়নের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। আমদানিকৃত পণ্য চালানটিতে অসত্য এইচ এস কোড ঘোষণার আশ্রয় নেয়ার অপরাধ স্বীকার করে আমদানিকারকের পক্ষে সিএন্ডএফ এজেন্টের মালিক / প্রতিনিধি সংক্ষিপ্ত বিচারের আবেদন করেছেন। তার আবেদন গ্রহণ করা হ'ল।

২৫। আমদানিকারক- RAINBOW ENTERPRISE, KATABON MOSJID COMPLEX 3RD F/L ROOM-6 DHAKA. এলসি নং- 0108117010705, বি/ই নং-সি-১২৯২৭৪৪, তারিখ-১৫/১০/২০১৭ খ্রিঃ এর মাধ্যমে China থেকে Parts of Chair(Seat Attached Back, ARM and Mechanisum), H S Code-9401.90.00 (CD-25%) ঘোষণায় আমদানি করেন। আলোচ্য চালানের মোট শুল্কায়নযোগ্য মূল্য ১৯,৭০,৫৯৩.১০ (উনিশ লক্ষ সত্তর হাজার পাঁচশত তিরানব্বই টাকা দশ পয়সা মাত্র) টাকা এবং পণ্যের অসত্য এইচ এস কোড ঘোষণা করায় রাজস্ব হানি/ ঝুকির পরিমাণ ৪,৬৪,৫৩০.৪৬ (চার লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত ত্রিশ টাকা ছেচল্লিশ পয়সা মাত্র) টাকা।

## পর্যালোচনা

২৬। পণ্য চালানের ইনভয়েস, প্যাকিং লিস্ট ও শিপিং দলিলাদি দেখলাম। নথির নোটানুচ্ছেদ-০১ থেকে ২৩ পর্যন্ত দেখলাম। বিশেষ করে নোটানুচ্ছেদ-০২ থেকে ২৩ পর্যন্ত দেখলাম। ঘোষণা অনুযায়ী চালানের পণ্য Parts of Chair(Seat Attached Back, ARM and Mechanisum), H S Code-9401.90.00 (CD-25%) । পণ্য চালানটি First Schedule, Explanatory Notes অনুযায়ী উল্লিখিত পণ্য প্রকৃত H S Code- 9401.79.00 (CD-25%+RD-3%+SD-45+Vat-15%+Others), এ শ্রেণী বিন্যাসযোগ্য ও শুল্ক করাদি আদায়যোগ্য। আলোচ্য ক্ষেত্রে আমদানিকারক অসত্য এইচ এস কোড ঘোষণায় পণ্য আমদানি করেছেন। অসত্য এইচ এস কোড ঘোষণায় পণ্য আমদানি করায় অসত্য ঘোষণার অপরাধ প্রমাণিত ও প্রতিষ্ঠিত। যা The Customs Act, 1969 এর Section 16 এর লংঘনসহ Section 32 মোতাবেক অসত্য ঘোষণা যা উক্ত The Customs Act এর Section 156 (1) এর Table এর Clause 9(I) ও 14 মোতাবেক দন্ডনীয় অপরাধ। আমদানিকারকের পক্ষে সিএন্ডএফ এজেন্টের মালিক/ প্রতিনিধি অসত্য ঘোষণার ঘোষণার অপরাধ স্বীকার করেছেন।

## আদেশ

২৭। আমদানিকারকের উপর The Customs Act, 1969 এর Section 16 এর লংঘনসহ Section 32 মোতাবেক অসত্য ঘোষণার বিষয়টি সন্দেহাতিতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত The Customs Act এর Section 156 (1) এর Table এর Clause 9(i) ও 14 এর বিধান-এ প্রদত্ত ক্ষমতা বলে আমি উক্ত পণ্য চালানটি রাষ্ট্রের অনুকুলে বাজেয়াপ্তকরণসহ উক্ত আমদানিকারকের উপর ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) টাকা অর্থদন্ড আরোপ করলাম। তবে পণ্যগুলি অবাধে আমদানিযোগ্য বিধায় উক্ত The Customs Act এর Section 181 ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) টাকা বিমোচন জরিমানা আরোপ করলাম। চালানের পণ্য যথাযথ এইচ. এস. কোডে ও পরিমানে শ্রেণী বিন্যাস এবং যথাযথ মূল্যে শুল্কায়নপূর্বক প্রযোজ্য শুল্ক করাদি, অর্থদন্ড, বিমোচন জরিমানা ইত্যাদি এই আদেশ জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ এবং প্রযোজ্য আনুষ্ঠানিকতা পরিপালনের শর্তে আমদানিকারকের অনুকূলে পণ্য খালাস দেয়ার আদেশ দিলাম।

সহকারী কমিশনার-সেকশন-৬

১৫.১১.১৭

৫০/৮

২৫/১১/২০১৭

(ডঃ নাহিদা ফরিদী)

অতিরিক্ত কমিশনার অব কাস্টমস্

২৮। আদেশ মোতাবেক বাস্তবায়ন করা হলো।

15/11/12

মোঃ নিজানুর রহমান
সহকারী রাজস্ব কর্মকর্তা
সেকশন-৬,
কাস্টম হাউস, চট্টগ্রাম।

R.O-6

মোঃ রফিকুল ইসলাম
রাজস্ব কর্মকর্তা (ভঃ দাঃ)
শুল্কায়ন সেকশন-৬
কাস্টম হাউস, চট্টগ্রাম।

"উন্নয়নের অক্সিজেন রাজস্ব"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

"জনকল্যানে রাজস্ব"

শুল্কায়ন সেকশন-৬

প্রাপকঃ ডেপুটি কমিশনার (প্রিভেন্টিভ)
কাস্টম হাউস, চট্টগ্রাম

বিষয়ঃ চাহিত দলিলাদি সরবরাহ করণ।

০১ জানুয়ারী, ২০১৭ তারিখ হতে অদ্যবধি কাস্টম হাউস, চট্টগ্রামে আমদানিকৃত পণ্য চালান শুল্কায়নের নিমিত্তে এইচ এস কোড, মূল্য, বানিজ্যিক বর্ণনা ইত্যাদি নির্ধারণের ক্ষেত্রে এ্যাসেসমেন্ট কমিটির সভায় বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সে সকল এ্যাসেসমেন্ট কমিটির সিদ্ধান্ত ফটোকপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

এ, এস, এম মোশাররফ হোসেন
রাজস্ব কর্মকর্তা
শুল্কায়ন সেকশন-৬
কাস্টম হাউস, চট্টগ্রাম।

২০১২২৭০০৪/রেফ-৬/১৬৭৭

০১। বিল অব এন্ট্রি নং ৮২৪৭৬৭ তাং-১৪/৫/১৭ এর মাধ্যমে Transcom Electronics Ltd এর ২০।০১।১৭ খ্রিঃ [illegible] পণ্যের [illegible] অবলোকন করা হলো।

[signature] ২৩।৫ [illegible]

০২। নোট অনুচ্ছেদ ০১-এর আমদানিকারক প্রতিষ্ঠান Transcom Electronics Ltd (MKT Unit). কর্তৃক [illegible] আমদানিকৃত [illegible] থেকে যায়। আমদানিকারক কর্তৃক [illegible] দাখিলকৃত [illegible] কমিশনার মহোদয় [illegible] নমুনা [illegible] নির্দেশনা [illegible] নমুনা উত্তোলনের জন্য [illegible] প্রেরণ করা যেতে পারে। সদয় অবগতির জন্য (নমুনা সংযুক্ত)।

[signature] ২৩।৫।১৭ — RO-6 [signature] ২৩।৫।১৭ — [signature] Snigdha ২৩।০৫।১৭ — JC (Jetty) [signature] 25.05.17

সিরাজুল মৌল্লাহ
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
কাস্টম হাউস, চট্টগ্রাম।

মোঃ সাহিরউদ্দিন
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
কাস্টম হাউস, চট্টগ্রাম।

স্নিগ্ধা বিশ্বাস
ডেপুটি কমিশনার (চঃ দাঃ)
কাস্টম হাউজ, চট্টগ্রাম।

ARO [signature]

০৩। নির্দেশনা মোতাবেক নমুনা উত্তোলন করে কাস্টম হাউস, চট্টগ্রাম, প্রেরণ করা হলো।

[signature] 25.05.17 — AC (J) [signature] 25.05.2017 — Sec.-06

Md. [illegible]
Assistant Revenue Officer
Custom House, Chittagong.

০৬। আলোচ্য চালানের ঘোষিত পণ্য LED TV PANEL এর **LIQUID CRYSTAL DEVICES** এর অংশ Assy Chasis এইচএসকোড ৯০১৩.৯০.১০ তে শুল্কায়ন করার জন্য বি/ই দাখিল করা হলে সংশ্লিষ্ট সেকশন কর্তৃক এইচএসকোড ৮৫২৯.৯০.২১. এ TV Parts হিসেবে শুল্কায়নের প্রস্ত াব করেন। আমদানিকারক প্রস্তাবিত এইচএসকোড এর সাথে দ্বিমত পোষণ করে এইচএসকোড ৯০১৩.৯০.১০. তে শুল্কায়নের বিষয়ে সিদ্ধান্তে র জন্য এ্যাসেসেন্ট কমিটিতে প্রেরণ করে সঠিক এইচএসকোড নির্ণয়নের জন্য কমিশনার মহোদয় বরাবরে আবেদন করেন। আবেদন অনুযায়ী সঠিক এইচএসকোড নির্ধারনের লক্ষ্যে তর্কিত পণ্যের নমনুা জেটি কাস্টমস কর্তৃক উত্তোলন করা হয়।

০৭। আমদানিকারক উল্লেখ করেন যে, আলোচ্য পণ্য LED TV **LIQUID CRYSTAL DEVICES** এর অংশ এবং আবেদনে আমদানিকারক আরও উল্লেখ করেন নথি নং ১৪২/এপি/সে-৬/২০১৬-১৭ এ এ্যাসেসমেন্ট কমিটি **LIQUID CRYSTAL DEVICES** কে এইচএসকোড ৯০১৩.৯০.১০. তে শুল্কায়নের সিদ্ধান্ত প্রদান করেছেন। সে আলোকে আমদানিকারক **BCT & Explanatorty Notes Volum-5** অনুযায়ী ঘোষিত এইচএসকোড ৯০১৩.৯০.১০. তে শুল্কায়নের দাবী করেন।

০৮। এমতাবস্থায়, আমদানিকারকের আবেদনের প্রেক্ষিতে সঠিক শ্রেনীবিন্যাসের নিমিত্তে নমুনাসহ নথিটি এ্যাসেসমেন্ট কমিটি বরাবরে উপস্থাপন করা যেতে পারে।

০৯। [illegible] H.S. Code ৮৫২৯.৯০.২১ [illegible] Assessment [illegible] Committee [illegible] Assessment Committee [illegible]।

সিরাজ [illegible]
রাজস্ব কর্মকর্তা (শুল্ক মূল্যায়ন)
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং ১০০০/এপি/সেকশন-০৬/২০১৬-১৭

০৬। আলোচ্য চালানের ঘোষিত পণ্য LED TV PANEL এর LIQUID CRYSTAL DEVICES এর অংশ Assy Chasis এইচএসকোড ৯০১৩.৯০.১০. তে শুল্কায়ন করার জন্য বি/ই দাখিল করা হলে সংশ্লিষ্ট সেকশন কর্তৃক এইচএসকোড ৮৫২৯.৯০.২১. এ TV Parts হিসেবে শুল্কায়নের প্রস্ত াব করেন। আমদানিকারক প্রস্তাবিত এইচএসকোড এর সাথে দ্বিমত পোষণ করে এইচএসকোড ৯০১৩.৯০.১০. তে শুল্কায়নের বিষয়ে সিদ্ধান্তে র জন্য এ্যাসেসেন্ট কমিটিতে প্রেরণ করে সঠিক এইচএসকোড নির্ণয়নের জন্য কমিশনার মহোদয় বরাবরে আবেদন করেন। আবেদন অনুযায়ী সঠিক এইচএসকোড নির্ধারনের লক্ষ্যে তর্কিত পণ্যের নমনুা জেটি কাস্টমস কর্তৃক উত্তোলন করা হয়।

০৭। অতিরিক্ত কমিশনার মহোদয় পণ্যের নমুন পর্যবেক্ষণ করে সংশ্লিষ্ট আমদানিকারকের প্রতিনিধিকে যথাযথ এইচএসকোড ৮৫২৯.৯০.২১. এ শুল্কায়ন যথাযথ মর্মে মতামত দেন। এছাড়াও বিষয়টি ইতিপূর্বে এ্যাসেসমেন্ট কমিটি নমুনা পর্যবেক্ষণ করে সিদ্ধান্ত প্রদান করেছেন। একই বিষয়ে পুনরায় আমদানিকারক/ প্রতিনিধি এ্যাসেসমেন্ট কমিটিকে প্রস্ত াবনা প্রদান করেছেন।

০৮। আমদানিকারক উল্লেখ করেন যে, আলোচ্য পণ্য LED TV LIQUID CRYSTAL DEVICES এর অংশ এবং আবেদনে আমদানিকারক আরও উল্লেখ করেন- নথি নং ১৪২/এপি/সে-৬/২০১৬-১৭ এ এ্যাসেসমেন্ট কমিটি LIQUID CRYSTAL DEVICES কে এইচএসকোড ৯০১৩.৯০.১০. তে শুল্কায়নের সিদ্ধান্ত প্রদান করেছেন। সে আলোকে আমদানিকারক BCT & Explanatorty Notes Volum-5 অনুযায়ী ঘোষিত এইচএসকোড ৯০১৩.৯০.১০. তে শুল্কায়নের দাবী করেন।

০৯। এমতাবস্থায়, আমদানিকারকের আবেদনের প্রেক্ষিতে সঠিক শ্রেনীবিন্যাসের নিমিত্তে নমুনাসহ নথিটি এ্যাসেসমেন্ট কমিটি বরাবরে উপস্থাপন করা যেতে পারে।

২৮/৫/১৭ — সিরাজুল ইসলাম, রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ), কাস্টম হাউস, চট্টগ্রাম

২৮/৫/১৭ — (মোঃ নাজিমউদ্দিন), রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ), সহকারী কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম

২৮/৫/১৭ — স্নিগ্ধা বিশ্বাস, ডেপুটি কমিশনার (চঃ দাঃ), কাস্টম হাউজ চট্টগ্রাম

ADC.2

১০। [illegible]

২৮/০৫/১৭

১১। আলোচ্য বি/ই - এর 3, এবং 4 এর H.S.Code 852990.21 দিয়ে অর্থাৎ TV. parts হিসেবে B/E এর printed copy তে

সংশ্লিষ্ট শাখার রাজস্ব কর্মকর্তা কর্তৃক সিদ্ধান্ত দেওয়া হলে সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আমদানিকারক উক্ত পণ্যের সঠিক H.S Code নির্ধারণের লক্ষ্যে assessment কমিটিতে আলোচনার মাধ্যমে সঠিক H.S. Code নির্ধারণের জন্য আবেদন করবেন।

(১২) সদয় অবগতি এবং পরবর্তী নির্দেশনার জন্য নথি উপস্থাপন করা হলো।

Snigdha
২৮/০৫/১৭
[স্নিগ্ধা বিশ্বাস]
স্নিগ্ধা বিশ্বাস
কমিশনার (চঃ দাঃ)
কাস্টম হাউস, চট্টগ্রাম।

ADC.2

১৩। আমদানিকারকের আবেদন মোতাবেক আলোচনার জন্য নথিটি Assessment Committee-তে প্রেরণ করা হোক।

২৮/০৫/১৭
খালেদ মোহাম্মাদ আবু হোসেন
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

ADC-2

২৮/০৫/১৭
খালেদ মোহাম্মাদ আবু হোসেন
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

ADC-1

১৪। আগামী ৩১/০৫/১৭ তারিখ বেলা ১১.৩০ মি: সভা হবে। সকলকে অবহিত করুন।

29.05.17

DC
Snigdha
২৯/০৫/১৭
RO

প্রা: -০৫

নথি নং- ১০০০/সেকঃ-০৬/১৬-১৭

১৫। কাস্টম হাউস, চট্টগ্রামের এ্যাসেসমেন্ট কমিটির সভা অনুষ্ঠানের নিমিত্তে ৩১.০৫.২০১৭ তারিখ সকাল ১১:৩০...... ঘটিকার সময় অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের অফিস কক্ষে আহ্বান করা হয়েছে। তাঁই কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করেন।

| সম্মানিত সদস্যবৃন্দঃ | | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | এডিশনাল কমিশনার-১ | - আহবায়ক | |
| ২। | এডিশনাল কমিশনার-২ | - সদস্য | [signature] |
| ৩। | জয়েন্ট কমিশনার-১ | - সদস্য | [signature] 29.05.17 |
| ৪। | জয়েন্ট কমিশনার-২ | - সদস্য | [signature] 29/5 |
| ৫। | ডেপুটি/ এ্যাসিস্ট্যান্ট কমিশনার, সেকশন-০৬ | - সদস্য সচিব | Snigdha ২৯।৫।১৭ |
| ৬। | রেভেনিউ অফিসার সেকশন-০৬ | - সদস্য | [signature] ২৯/৫/১৭ |
| ৭। | এ্যাসিস্ট্যান্ট রেভেনিউ অফিসার সেকশন-০৬ | - সদস্য | [signature] ২৯/৫/১৭ |
| ৮। | চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর প্রতিনিধি | - সদস্য | |
| ৯। | সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের প্রতিনিধি | - সদস্য | [signature] |
| ১০। | আমদানিকারকের প্রতিনিধি | - সদস্য | [signature] |
| ১১। | সংশি্লষ্ট সিএন্ডএফ এজেন্ট এর প্রতিনিধি | - সদস্য | [signature] 29.05.17 |

গত ৩১/০৫/২০১৭ তারিখে সকাল ১০:৩০ ঘটিকায় অতিরিক্ত কমিশনার-১ মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে Assessment কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বি/ই নং সি-৬২৪৭৮৭ তারিখ-১৪/০৫/২০১৭ইং এর মাধ্যমে আমদানিকৃত পণ্য LED TV Panel এর Liquid Crystal Devices এর অংশ Assy Chasis ঘোষিত এইচ এস কোড- ৯০১৩.৯০.১০ বিপরীতে সেকশন কর্তৃক এইচ এস কোড ৮৫২৯.৯০.২১ নির্ণয় করায় তাঁদের আমদানিকৃত পণ্যের সঠিক এইচ এস কোড বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

১৭। আমদানিকারকের বক্তব্য : আমদানিকারক এর প্রতিনিধি জানান যে, আলোচ্য পণ্যটি Liquid Crystal Devices এর এক অংশ এটি একটি Display Device বিধায় LCD Parts এইচ.এস.কোড-৯০১৩.৯০.১০ -তে শ্রেনীবিন্যাস যোগ্য বলে মনে করেন।

১৮। কমিটির সিদ্ধান্তঃ

আলোচ্য পণ্য চালানের নমুনাসহ BCT, এবং Explanatory Notes এর আলোকে এ্যাসেসমেন্ট কমিটি কর্তৃক পর্যালোচনায় দেখা যায়, Explanatory Notes এর (Page XVIII-9013-1) Liquid Crystal Devices এর সংজ্ঞায় বলা হয়েছেঃ

"Liquid Crystal Devices Constings of a liquid crystal layer sandwiched between two sheets or plates of glass or plastics, Whether or not fitted with electrical connections, presented in the piece or cut to special shapes and not constituting articles described more specifically in other headings of Nomenclature."

বিবেচ্য পণ্যের নমুনা পর্যবেক্ষন এবং Explanatory Notes এর বর্ণনায় আমদানিকারক কর্তৃক পণ্যটিকে ভুল ব্যাখ্যায় Liquid Crystal Devices এর LCD Parts হিসাবে দাবী যুক্তি সংগত নয়। কেননা উল্লেখিত পণ্যে LED TV Parts এর সকল বৈশিষ্ট্যই বিদ্যমান রয়েছে মর্মে এ্যাসেসমেন্ট কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। সার্বিক বিবেচনায় পণ্যের ক্ষেত্রে ইনভয়েসে উল্লেখিত এইচ.এস.কোড- ৯০১৩.৯০.১০ এর পরিবর্তে LED TV Parts হিসাবে এইচ.এস.কোড- ৮৫২৯.৯০.২১ এ শ্রেনীবিন্যাসযোগ্য বলে এ্যাসেসমেন্ট কমিটি সকল সদস্য একমত পোষন করেন। বিবেচ্যক্ষেত্রে যথাযথ এইচ.এস.কোড ঘোষণা প্রদান না করার বিষয়টি প্রতিষ্ঠিত হয়েছে এবং সমজাতীয় ক্ষেত্রে যেহেতু ইতোপূর্বে ন্যায়নির্ণয়ন করা হয়েছে সেহেতু এইচ.এস.কোড এর অপঘোষনার জন্য চালানটি ন্যায়নির্ণয়নযোগ্য।

| | | | |
|---|---|---|---|
| আমদানিকারক/সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট | সিএন্ডএফ এজেন্ট এসাসিয়েশনের প্রতিনিধি | চেম্বার প্রতিনিধি | সহকারী রাজস্ব কর্মকর্তা শুল্কায়ন সেকশন-৬ |
| রাজস্ব কর্মকর্তা শুল্কায়ন সেকশন-৬ | এ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার-৬ | জয়েন্ট কমিশনার-২ | |
| জয়েন্ট কমিশনার-১ | অতিরিক্ত কমিশনার-২ | অতিরিক্ত কমিশনার-১ | |

১৯। Assessment Committee এর সুপারিশ মাফিক বিবেচনায় এন্ট উপস্থাপন করা হলো।

কমিশনার

শওকত আলী সাদী
এডিশনাল কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

ARO

২। শুল্কায়ন সম্পর্কিত প্রস্তাব ঃ আলোচ্য পণ্য চালানটির দলিলাদি ও কায়িক পরীক্ষা প্রতিবেদন ও নমুনা পর্যালোচনা করে পণ্যের বর্ণনা, পরিমাণ, এইচ এস কোড, ঘোষিত মূল্য সমসাময়িক কালের অভিন্ন/ অনুরূপ পণ্যের একক মূল্যসহ নিম্নে ছকে এইচ এস কোড ও মূল্য উপস্থাপন এবং এইচ.এস.কোড ও মূল্য প্রস্তাব করা হলো ঃ

| Sl No | Description Of Goods | Invoice Decl. Qty | Decl. H.S. Code & Rate of Duty | Proposed H.S. Code & Rate of Duty | Invoice Value (USD) | Data Base/Tariff/ Minimum Value (USD) | Proposed Value (USD) |
|---|---|---|---|---|---|---|---|
| 01 | 02 | 03 | 04 | 05 | 06 | 07 | 08 |
| 1 | Parts & com for LED 32" LIQ CRY DIS.M C/O-Thailand | 697 PCS 1045.50 KGS | 9013.80.10 CD-5%+ VAT-15%+ & Others | 9013.80.10 CD-5%+ VAT-15%+ & Others | 109.44/PC | 60.57/PC C-387650 DT-02/03/2017 | 109.44/PC |
| 2 | 32" LIQ CRY DIS. (FOC) C/O-Thailand | 3 PCS 4.50 KGS | 9013.80.10 CD-5%+ VAT-15%+ & Others | 9013.80.10 CD-5%+ VAT-15%+ & Others | 109/92/PC | 60.57/PC C-387650 DT-02/03/2017 | 109/92/PC |
